


ঢাকা ওয়াসা

নথি নম্বরঃ ৪৬.১১৩.৬৩৫.০০.০০.২০২৪-২৫.১৯৪

বিষয়ঃ “Repair and maintenance work of DND Aerator Cone & shaft” কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


সংযুক্ত ক্রমিক নং ১ থেকে ৪ অনুগ্রহ করে দেখা যেতে পারে। সাপাশো ফেজ-২ হতে প্রতিদিন ২২.৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরীতে সরবরাহ করা হয় এবং শুরুর মৌসুমে আধুনিক প্রযুক্তি নির্ভর প্রি-ট্রিটমেন্ট প্ল্যান্ট মিটিয়ার এর মাধ্যমে প্রতিদিন ৪৫ কোটি লিটার এর অধিক প্রাক পরিশোধিত পানি সাপাশো ফেজ-১ ও ২ এর কনভেনশনাল ট্রিটমেন্ট প্ল্যান্টে সরবরাহ করা হয়। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৮০ কিলোমিটার দীর্ঘ ডি এন ডি খাল রয়েছে। ডি এন ডি খালে তিনটি এরেশন জোনে (প্রতিটি জোনে পাঁচটি করে) মোট ১৫ (পনের) টি এরেটর রয়েছে (পুরাতন-১২ টি এবং নতুন-৩ টি সহ) যা Pre-Nitrification এর জন্য পানিতে বাতাসের অক্সিজেন যোগ করে থাকে। পূর্বে শুধুমাত্র শুরুর মৌসুমে এরেটর চালু করা হলেও বর্তমানে নদীর পানির গুণগত মান খারাপ হওয়ায় প্রায় সারা বছর এরেটর চালু রাখা হয়। এরেটর জোন সমূহ স্থাপন প্রায় ১১-১২ বছর অতিবাহিত হচ্ছে, আসন্ন শুরুর মৌসুমে ডিএনডি খালে বিদ্যমান তিনটি এরেশন জোনের প্রতিটি এরেটর সচল রাখার জন্য Impeller, Shaft, Coupling, Bearing, motor cone রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। আলোচ্য রক্ষণাবেক্ষণ কাজের পূর্বানুমোদিত দরের ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত টাকার পরিমাণ ৪৯,৩০০/- (উনপঞ্চাশ হাজার তিনশত) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ এর ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-২০০ ও প্যাকেজ নং- UUGW-04 অনুযায়ী, অর্থাৎ ২০২৪-২৫ অর্থ বৎসরের বাজেট বরাদ্দের পরিচালন ব্যয় উপখাত পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত হতে নির্বাহ করা যেতে পারে।


২। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে “Repair and maintenance work of DND Aerator Cone & shaft” কাজটি বাস্তবায়নের জন্য উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪৯,৩০০/- (উনপঞ্চাশ হাজার তিনশত) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৭৬(১) এর (ট) অনুসারে সরাসরি ক্রয় (ডিপিএম) পদ্ধতিতে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদার M/S Ety International এর অনুকূলে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



28.05.25
এইচ এম নূর হক অপু
সিএমএমএস কো-অর্ডিনেটর
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা।


28.05.25
মোঃ রাকিব হোসেন প্রধান
সহকারী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা


28/5/25
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা


SE/wst/pc


28/5/25
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওশো সার্কেল, ঢাকা ওয়াসা।


28/5/25
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।